

# শ্রমিক নিরাপত্তা ফোরাম- এসএনএফ

সচিবালয় : বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিল্‌স  
বাড়ি- ২০, সড়ক- ১১ (৩২ পুরাতন) ধানমন্ডি, ঢাকা-১২০৯, ফোন: ৯১২০০১৫, ফ্যাক্স: ৫৮১৫২৮১০  
ইমেইল: [bils@citech.net](mailto:bils@citech.net)

তারিখ : ৬ জুন, ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

## শ্রমিক নিরাপত্তা ফোরাম এর সংবাদ সম্মেলন অনুষ্ঠিত

### কর্মক্ষেত্রে দুর্ঘটনায় ঝতিপূরণ সর্বনিম্ন ১৫ লক্ষ টাকা নির্ধারণের দাবী সকল শ্রমিক ও মানবাধিকার সংগঠনের

শ্রম আইন সংশোধনে ক্ষতিপূরণের পরিমাণ বৃদ্ধি, আইএলও কনভেনশন-১২১ অনুযায়ী কর্মক্ষেত্রে দুর্ঘটনার ক্ষতিপূরণ স্কীম ও সামাজিক বীমা দ্রুত চালু এবং সকল শ্রমিকের কর্মক্ষেত্রে নিরাপত্তা নিশ্চিতকরণের দাবিতে শ্রমিক নিরাপত্তা ফোরাম-এসএনএফ এর উদ্যোগে এবং শ্রমিক কর্মচারী ঐক্য পরিষদ (স্কপ), ন্যাশনাল কোঅর্ডিনেটিং কাউন্সিল ফর ওয়ার্কার্স এডুকেশন (এনসিসিডিবিউই), ইন্ডাস্ট্রিয়াল বাংলাদেশ কাউন্সিল (আইবিসি), গার্মেন্টস শ্রমিক কর্মচারী ঐক্য পরিষদ (জিস্কপ), ইমারত নির্মাণ শ্রমিক ইউনিয়ন-ইনসাব, নির্মাণ শ্রমিক লীগ ও ট্যানারী ওয়ার্কার্স ইউনিয়ন এর অংশগ্রহণে আজ ৬ জুন, ২০১৮ (বুধবার) বেলা ১১ থেকে ১২ টা জাতীয় প্রেসক্লাবের কনফারেন্স লাউঞ্জ-৩ এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে কর্মক্ষেত্রে দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত সকল শ্রমিকের জন্য ক্ষতিপূরণ নিশ্চিত করার লক্ষ্যে শ্রম আইনে ক্ষতিপূরণের মানদণ্ড নির্ধারণ ও ক্ষতিপূরণের পরিমাণ সর্বনিম্ন ১৫ লক্ষ টাকা নির্ধারণ করা, সহজলভ্য ও স্বল্প মূল্যে 'সার্বজনীন সামাজিক বীমা স্কীম' চালু ও আইএলও'র প্রস্তাবিত 'কর্মক্ষেত্রে দুর্ঘটনার ক্ষতিপূরণ স্কীম' অর্থাৎ 'Employment Injury Scheme' অনুমোদন করা, দেশের সকল শ্রমিককে শ্রম আইনে অন্ভুক্ত করা এবং তাদের সার্বিক নিরাপত্তা, ক্ষতিপূরণ ও স্বাস্থ্যসেবা নিশ্চিত করা, শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য সুরক্ষার লক্ষ্যে নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা ও বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান নিশ্চিত করা এবং শ্রমিক কল্যাণ তহবিল থেকে অপ্রাতিষ্ঠানিক খাতের শ্রমিকদের আর্থিক অনুদান প্রদানের আইনগত ভিত্তি তৈরি করার বিষয়ে দাবি জানানো হয়।

উক্ত সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন শ্রমিক নিরাপত্তা ফোরামের ভারপ্রাপ্ত সমন্বয়কারী ও বিল্‌স এর যুগ্ম মহাসচিব ডা. ওয়াজেদুল ইসলাম খান, সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন বিল্‌স উপদেষ্টা পরিষদ সদস্য শাহ মো. আবু জাফর, মেজবাহউদ্দীন আহমেদ, ভাইস চেয়ারম্যান আনোয়ার হোসাইন, সম্পাদক এ এম নাজিম উদ্দীন, জাতীয় গার্মেন্টস শ্রমিক জোটের সভাপতি মোঃ আব্দুল ওয়াহেদ, এনসিসিডিবিউই এর চেয়ারম্যান ও জাতীয় শ্রমিক ফেডারেশনের সাধারণ সম্পাদক আমিরুল হক আমিন, সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্টের সাধারণ সম্পাদক রাজেকুজ্জামান রতন, ইন্ডাস্ট্রিয়াল বাংলাদেশ কাউন্সিল মহাসচিব তৌহিদুর রহমান, জাতীয় গার্মেন্টস শ্রমিক ফ্রন্টের সহ-সভাপতি খালেকুজ্জামান লিপন ও সদস্য শামসুন্নাহার জোন্না, মুক্ত শ্রমিক ফেডারেশনের সাংগঠনিক সম্পাদক শহাদুল্লাহ বাদল, সেফটি এন্ড রাইটস সোসাইটি নির্বাহী পরিচালক সেকেন্দার আলী মিনা, আওয়াজ ফাউন্ডেশনের সভাপতি মমতাজ বেগম, আইন ও সালিশ কেন্দ্রের সমন্বয়কারী আবু আহমেদ ফয়জুল কবির ফরিদ, বাস্ট এর উপ-পরিচালক (এডভোকেসি) এডভোকেট মাহবুবা আক্তার, পোশাক শিল্প শ্রমিক জোটের সভাপতি সরদার খোরশেদ, বিল্‌স নির্বাহী পরিচালক সৈয়দ সুলতান উদ্দিন আহম্মদ এবং প্রোজেক্ট কোঅর্ডিনেটর নাজমা ইয়াসমিন সহ শ্রমিক কর্মচারী ঐক্য পরিষদ (স্কপ), ন্যাশনাল কোঅর্ডিনেটিং কাউন্সিল ফর ওয়ার্কার্স এডুকেশন (এনসিসিডিবিউই), ইন্ডাস্ট্রিয়াল বাংলাদেশ কাউন্সিল (আইবিসি), গার্মেন্টস শ্রমিক কর্মচারী ঐক্য পরিষদ (জিস্কপ) ও শ্রমিক নিরাপত্তা ফোরাম-এসএনএফ, ইমারত নির্মাণ শ্রমিক ইউনিয়ন-ইনসাব, নির্মাণ শ্রমিক লীগ ও ট্যানারী ওয়ার্কার্স ইউনিয়ন এর নেতৃবৃন্দ।

উল্লেখ্য, “সবার জন্য নিরাপদ, শোভন ও মর্যাদাপূর্ণ কাজের সংস্কৃতি গড়ে তোলার লক্ষ্যে মানবাধিকার ও শ্রমিক আন্দোলনের সম্মিলিত প্রয়াস” হিসেবে শ্রমিক নিরাপত্তা ফোরাম গঠিত হয়। সারা দেশে সকল শ্রমিকের কর্মক্ষেত্রে নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য শ্রমিক নিরাপত্তা ফোরাম ধারাবাহিকভাবে সরকারের সাথে এডভোকেসি পরিচালনা, শ্রমিক ও সংশ্লিষ্ট পক্ষসমূহের সচেতনতা বৃদ্ধি, জনমত গঠন ও গবেষণা সহ আনুষঙ্গিক কার্যক্রম বাস্তবায়ন করে যাচ্ছে।

ধন্যবাদান্তে -

শ্রমিক নিরাপত্তা ফোরামের পক্ষে:

সৈয়দ সুলতান উদ্দিন আহম্মদ

সদস্য সচিব

মোবাইল: ০১৭১১৫৩৫০৬৪